বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।
e-mail:dgmlpo@krishibank.org.bd

সূত্র নং-বিকেবি/এলপিও/হিঃ-৩৯/২০১৮-২০১৯/ ৭৪৮২ তারিখ ঃ ২৭/১২/২০১৮

**অতীব গুরুত্বপূর্ণ**

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক

**বিষয় : সামরিক পেনশন পুনর্ভরণ বিল যথাযথ যাচাই বাছাই ছাড়া প্রেরণ না করা প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। ব্যাংকের বিভিন্ন শাখার মাধ্যমে প্রদানকৃত সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের পেনশন বিলে নানাবিধ ভুলত্রুটির কারণে পুনর্ভরণ পাওয়ার ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হওয়ায় উক্ত খাতে অসমন্বিত স্থিতির পরিমাণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে ব্যাংক বিপুল পরিমাণ আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় লোকাল প্রিন্সিপাল অফিস পরিদর্শনকালে এজন্য গভীর অসন্তোষ প্রকাশ করেন এবং অনাদায়ী স্থিতির পরিমাণ দ্রুততম সময়ের মধ্যে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার সদয় নির্দেশনা প্রদান করেছেন। তাছাড়া, সম্প্রতি বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দল কর্তৃক ৩০.০৬.২০১৮ খ্রিঃ ভিত্তিক বিশদ পরিদর্শন প্রতিবেদনে এ খাতে দীর্ঘদিন বিপুল পরিমাণ অর্থ অলসভাবে পড়ে থাকার কারণে ব্যাংকের মুলধন ঘাটতি বৃদ্ধি পাচ্ছে মর্মে মন্তব্য করা হয়েছে এবং যে সকল কর্মকর্তার গাফিলতির কারণে ব্যাংক আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে, তাদেরকে চিহ্নিত করে জবাবদিহিতার আওতায় আনার পরামর্শ প্রদান করা হয়েছে।

০৩। সামরিক পেনশন পুনর্ভরণ বিল সামরিক অর্থ নিয়ন্ত্রকের কার্যালয় হতে আপত্তিসহ ফেরৎ পাঠানোর কারণসমূহ নিম্নরুপ :

(ক) বিলে টিএস নম্বর, ব্যক্তিগত নম্বর/সৈনিক নম্বর, পিপিও নম্বর উল্লেখ না করা অথবা ভুল নম্বর উল্লেখ করা ;
(খ) দাবীর সময়কাল উল্লেখ না করা অথবা ভুল সময় উল্লেখ করা এবং বিলের সঠিক ফরমেট ব্যবহার না করা;
(গ) রেজিমেন্টের নাম/কোরের নাম উল্লেখ না করা অথবা ভুল উল্লেখ করা এবং কোর ভিত্তিক পৃথক পৃথক বিল না করা;
(ঘ) ২ কপি মূল বিল প্রেরণের পরিবর্তে ফটোকপি বিল প্রেরণ করা এবং অধিকাংশ সময় ২ প্রস্থ বিলের পরিবর্তে ১ প্রস্থ বিল প্রেরণ করা;
(ঙ) নৌবাহিনী ও বিমান বাহিনীর পেনশনারের টিএস নম্বরের পার্শ্বে পিপিওতে উল্লেখিত জেলার নাম লিপিবদ্ধ না করা;
(চ) বিলের টাকার অংকের সাথে ডেবিট এ্যাডভাইসের টাকার অংকের গড়মিল থাকা;
(ছ) বিলের প্রতিটি পাতাকে ১টি পৃথক বিল হিসাবে গণ্য করা হয় না এবং অনেক ক্ষেত্রে পূর্ব পাতার জের পরবর্তী পাতায় যোগ করা হয়;
(জ) ১১(এগারো) মাসের অধিক সময়ের বিলের ক্ষেত্রে সামরিক অফিসের অনুমোদন ব্যতিরেকে বিল পেমেন্ট দেয়া এবং প্রেরণ করা;
(ঝ) বিলে ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তার স্বাক্ষর ও স্বাক্ষরের নীচে নামের সীল ব্যবহার না করা।
(ঞ) এ্যাডভাইস ও বিল অনেক সময় পৃথক পৃথক ভাবে অত্র কার্যালয়ে পাঠানো; ইত্যাদি।

০৪। সামরিক পেনশনের দাবীনামা সামরিক অর্থ নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণকালে উপরোল্লিখিত ভুল-ত্রুটি কোন অবস্থায়ই গ্রহণযোগ্য নয়। অত্র পত্র প্রাপ্তির পর শাখা কর্তৃক এ ধরনের ভুল-ত্রুটিসহ বিল প্রস্তুত করলে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ যাচাই বাছাই ছাড়া অত্র কার্যালয়ে বিল প্রেরণ করলে শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সুপারিশ করা হবে।

০৫। বিষয়টি অতীব গুরুত্বের সাথে নজরদারী করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

২৭.১২.২০১৮

(মোঃ লিয়াকত আলী)
মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপ-মহাব্যবস্থাপক, শানিব্যউবি, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক,আইসিটি, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি বিকেবি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬. উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক। শাখা নিরীক্ষাকালীন সময়ে বিষয়টি গুরুত্বসহকারে পর্যবেক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।
০৮. নথি/মহানথি।